গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫২.২৪- ৫৬

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মনিরুজ্জামান খান, উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ (বর্তমানে উপপরিচালক, ভোলা)-এর বিরুদ্ধে মানিকগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংঘটিত দুর্নীতি ও অনিয়মের বিষয়ে অভিযোগ উত্থাপিত হয়। তিনি প্রায় ১৪ মাস মা ও শিশু কল্যাণ কেন্দ্রের রেষ্টরুমে অবস্থান করেছেন এবং তদন্তের ৫/৬ দিন আগে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের রেষ্টরুম থেকে ডক্টরস কোয়ার্টারে শিফট করেন। তিনি ঘিওর উপজেলার সিংজুরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে একটি ফ্রীজ এনে তার ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করেন। তিনি ব্যক্তিগত সুবিধা ও অনৈতিক লাভের উদ্দেশ্যে এখতিয়ার বর্হিভূতভাবে ক্ষমতার অপব্যবহার করে পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারীসহ মোট ৩৯টি বদলীর আদেশ প্রদান করেন;

০২। যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণের' অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১০৮/২৫ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৩-০৯-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫২.২৪-২৫৯ নং- স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৫/০১/২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা বলেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা, বানোয়াট ও সত্য নয় এবং তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে ক্ষমা প্রার্থনা করেন;

০৪। সেহেতু, জনাব মো: মনিরুজ্জামান খান, উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ (বর্তমানে উপপরিচালক, ভোলা)-এর বিরুদ্ধে অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত না হওয়ায় তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/০২/২৬
(মো: সাইদুর রহমান)
সচিব

চলমান পাতা-২

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৫২.২৪- ৫৬

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)
০৪। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ/বরিশাল
০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
০৭। উপপরিচালক (পার-২),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)
০৯। জনাব মো: মনিরুজ্জামান খান, উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মানিকগঞ্জ (বর্তমানে উপপরিচালক, ভোলা)

১৫/০২/২৬

(সাইনী আজিজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd